# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**04 AUGUST 2025** **7:45—7:55 PM IST**

==================================================

(১) রাজ্যের ৩৯ হাজারেরও বেশি বিদ্যালয়কে সমগ্র শিক্ষা- আসামের ৫৬ কোটিরও বেশি টাকার অনুদান মঞ্জুর/

(২) নন-গ্যাজেটেড কর্মচারীদের উৎকৃষ্ট সেবার জন্য রাজ্য সরকারের চলতি বছরের লোকসেবা পুরস্কার ঘোষণা/

(৩) মুখ্যমন্ত্রীর বিজ্ঞান প্রতিভা সন্ধান প্রকল্প-২০২৫ এর অধীনে নির্বাচিত ছাত্রছাত্রীদের জন্য আই আই টি-গুয়াহাটিতে পরামর্শদান শিবির/

এবং

(৪) শিলচর শহরের একটি বেসরকারী হাসপাতালের ভূঁয়ো চিকিৎসক পুলক মালাকারকে ছ’দিনের জন্যে পুলিশ হেফাজতে প্রেরণ/

---------------------------------------------------------------------------------

সমগ্র শিক্ষা আসাম রাজ্যের ৩৯ হাজার ৫১৫ টি প্রাথমিক বিদ্যালয়কে ২০২৫-২৬ সালের জন্য ৫০ শতাংশ বার্ষিক অনুদান হিসেবে ৫৬ কোটি ৯৭ লক্ষ টাকা প্রদান করেছে । এসম্পর্কে জারি করা নির্দেশনার মাধ্যমে সমগ্র শিক্ষা আসাম এই অর্থ দিয়ে বিদ্যুতের মাশুল , বিদ্যালয় গৃহ মেরামতি সহ পরিকাঠামোমূলক কাজ করতে পরামর্শ দিয়েছে । এই অনুদানের অর্থের ১০ শতাংশ স্বচ্ছতা কার্যসূচী পরিকল্পনার অধীনে ব্যবহার করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্য সরকার আজ রাজ্যের নন গেজেটেড কর্মচারীদের উৎকৃষ্ট সেবার জন্য চলতি বছরের রাজ্য ও জেলা পর্যায়ের লোকসেবা পুরষ্কারগুলি ঘোষনা করেছে ।রাজ্য পর্যায়ে অগ্নি ও জরুরীকালীন সেবা বিভাগের প্রধান অংকুর নারায়ণ দাস , মুখ্যমন্ত্রী কার্যালয়ের মাল্টি টাস্কিং ষ্টাফ বীর বাহাদুর রায় , ক্রীড়া ও যুব কল্যাণ সঞ্চালকালয়ের প্রবীন সহায়ক চিন্ময় বরা , অর্থ বিভাগের সহকারী শাখা আধিকারিক দ্বীপজ্যোতি বনিয়া সহ মোট ১০ জন কর্মচারীকে রাজ্য পর্যায়ের লোকসেবা পুরষ্কার প্রদান করা হয়েছে ।এদিকে কাছাড়ের যুগ্ম সেবা সঞ্চালকের কার্যালয়ের প্রবীন সহায়ক হেমাংগ বড়ো সহ ৫৯ জন কর্মচারীকে জেলা পর্যায়ের লোকসেবা পুরষ্কার প্রদান করা হয়েছে । রাজ্য সরকারের সাধারণ প্রশাসন বিভাগ এক বিজ্ঞপ্তীতে একথা জানিয়েছে ।

---

আসামে স্বাস্থ্য পরীক্ষার আইনী নথিপত্র এবং মরণোত্তর পরীক্ষার নথিসমূহ সহজে পাওয়ার ব্যবস্থা করতে আজ রাজ্যের স্বাস্থ্য বিভাগ গোয়ালপাড়া সিভিল হাসপাতালে প্রথমটি মডলেপার (ModLEaPR) পোর্টালের আজ উদ্বোধন করা হয়েছে । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে পুলিশের বিশেষ সঞ্চালক প্রধান মুন্না প্রসাদ গুপ্তা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । পোর্টালটি চালু করে শ্রী গুপ্তা বলেন যে- এই পোর্টালের মাধ্যমে গুরুত্বপূর্ণ নথিসমূহ সংরক্ষণ করা সহজ হবে । এছাড়া এরফলে পুলিশের জন্য যেকোনো মামলা দ্রুততার সঙ্গে নিষ্পত্তি করা সম্ভব হবে । রাজ্যের স্বাস্থ্য বিভাগের সঞ্চালক ডাঃ উমেশ ফাংচো সহ স্বাস্থ্যসেবা সঞ্চালকালয় এবং আসাম পুলিশের বেশকয়েকজন আধিকারিক-কর্মচারী এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

---

মুখ্যমন্ত্রীর বিজ্ঞান প্রতিভা সন্ধান প্রকল্প-২০২৫ এর অধীনে বাছাই হওয়া ছাত্রছাত্রীদের পাঁচদিনের পরামর্শদান শিবির আজ থেকে আই আই টি-গুয়াহাটিতে আরম্ভ হয়েছে । উচ্চস্তরের বিজ্ঞান পরিকাঠামো ও বিজ্ঞান সম্মত বিষয়ের প্রত্যক্ষ অভিজ্ঞতা আহরণের সুযোগ করে দেওয়ার জন্যে আই আই টি-গুয়াহাটির তত্ত্বাবধানে এই শিবির খোলা হয়েছে । উন্নতমানের বাছাই প্রক্রিয়ার মাধ্যমে রাজ্যের বিভিন্ন জেলার শিক্ষাপ্রতিষ্ঠানে উচ্চতর মাধ্যমিক বিজ্ঞান শাখার প্রথম বর্ষে অধ্যয়নরত ৪০ জন শিক্ষার্থীকে এইবার উদীয়মান বিজ্ঞান প্রতিভা হিসেবে বাছাই করা হয়েছে । আগামী শুক্রবার পর্যন্ত এই শিবির চলবে । এতে অংশগ্রহণ করা ছাত্রছাত্রীদের আই আই টি-গুয়াহাটির অধ্যাপক এবং গবেষকরা মৌলিক বিজ্ঞানের গুরুত্বপূর্ণ দিকসমূহ ছাড়াও আধুনিক বিজ্ঞানের ধান-ধারণা সম্পর্কে অবগত করবেন । এছাড়া বিজ্ঞানের উদ্ভাবনমূলক কাজকর্মের বিষয়েও তাদের অবগত করানো হবে । শিক্ষার্থীরা বিজ্ঞানাগারে হাতে কলমে বিজ্ঞান শিক্ষার

অভিজ্ঞতা আহরণের সুযোগ লাভ করবে । উল্লেখ্য- মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শৰ্মার উদ্যোগে নতুন প্রজন্মের মধ্যে বিজ্ঞান সম্মত মানসিকতা গড়ে তোলার উদ্দেশ্যে ২০২৪ সালে মুখ্যমন্ত্রীর বিজ্ঞান প্রতিভা সন্ধান প্রকল্প রূপায়ণ করা হয়েছিল । গতবছর রাজ্যের একশো জন ছাত্রছাত্রী বাছাই করে আই আই টি-গুয়াহাটিতে প্রাথমিক প্রশিক্ষণ দেওয়ার পর বাঙ্গালোর গিয়ে ভারতীয় বিজ্ঞান প্রতিষ্ঠান এবং ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার ক্যাম্পাসে প্রত্যক্ষ অভিজ্ঞতা লাভের সুযোগ করে দেওয়া হয়েছিল। তাদের মধ্যে পাঁচজন উদীয়মান বিজ্ঞান প্রতিভাকে ইংল্যান্ড পাঠিয়ে অক্সফোর্ড, ক্যামব্রিজ এবং লন্ডন বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানাগার দেখার এবং বিজ্ঞানীদের সঙ্গে মত-বিনিময়ের সুযোগ করে দেওয়া হয় । আজকের এই বিজ্ঞান প্রশিক্ষণ শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা বিভাগের সচিব তথা মহাকাশ বিজ্ঞানী পি এল এন রাজু, আই আই টি-গুয়াহাটির সঞ্চালক- অধ্যাপক দেবেন্দ্র জালিহাল, এস্টেক'এর সঞ্চালক ডঃ জয়দীপ বড়ুয়া সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

স্বাধীনতা দিবসের পূর্বে রাজ্যের বিভিন্ন প্রান্তে পুলিশের নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করা হয়েছে । গতবছর স্বাধীনতা দিবসে রাজ্যের বিভিন্ন স্থানে ২২টি আই-ই-ডি উদ্ধার হওয়ার পর এইবছর যাতে উগ্রপন্থী সংগঠনগুলি কোনোধরণের নাশকতামূলক কার্যকলাপ সংঘটিত করতে না পারে, তারজন্য পুলিশ আগের থেকেই সতর্কতা অবলম্বন করছে । গুয়াহাটি শহরে রাস্তার পাশে আবর্জনায় যাতে বোমা সংস্থাপন করতে না পারে, তারজন্য রাস্তাঘাটের আবর্জনা সরানোর ব্যবস্থা করেছে ।

--------------------------------------------------------------------------------

বি এস এন এল নুমলীগড় শোধনাগার লিমিটেডের সংগে দেশের প্রথম ফাইভ - জি কেপ্টিভ নন পাব্লিক নেটোয়ার্ক স্থাপনের জন্য সমঝোতা চুক্তি সাক্ষর করেছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন । এই পদক্ষেপ ডিজিটেল আসাম ও আত্মনির্ভর  ভারত গঢ়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ন হিসেবে পরিগণিত হবে বলে মুখ্যমন্ত্রী ড: শর্মা আশা প্রকাশ করেছেন ।

--------------------------------------------------------------------------------

শিলচর শহরের একটি বেসরকারী হাসপাতালের ভূঁয়ো চিকিৎসক পুলক মালাকারকে আজ ছ'দিনের জন্যে পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে । কাছাড়ের প্রবীণ পুলিশ সুপার নোমাল মাহাত্তা সাংবাদিকদের একথা জানিয়ে আরো বলেন যে- ২০১৬ সাল থেকে ঐ ব্যক্তি ভূঁয়ো ডাক্তারী সার্টিফিকেট দিয়ে চিকিৎসা করে আসছিল । চেন্নাইয়ের

একটি মেডিকেল কলেজ থেকে ভূঁয়ো সার্টিফিকেট দেখিয়ে ঐ ডাক্তার সেখানে কাজ করে আসছিল । এই বিষয়ে শ্রী মাহান্তা বলেন-

#বাইট#

উল্লেখ্য- গোপন সূত্রের খবরের ভিত্তিতে তদন্ত চালিয়ে শিলচর শহরের একটি বেসরকারী হাসপাতালে কর্মরত ঐ প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞকে পুলিশ গতকাল গ্রেপ্তার করেছে । শিলচর সদর থানায় এই সংক্রান্ত একটি মামলাও দায়ের করা হয়েছে । পুলক মালাকার নামে ৪৩ বছর বয়সের শ্রীভূমি জেলার বদরপুর এলাকার বাসিন্দা ঐ ব্যক্তি ভূঁয়ো এম বি বি এস ডিগ্রি নিয়ে ঐ হাসপাতালে চিকিৎসকের যাবতীয় কাজ করছিল ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের নির্দেশে কাছাড় জেলা প্রশাসন ও কাছাড় জেলা পরিষদের যৌথ উদ্যোগে আগামী বুধবার বেলা দুটোয় শিলচর রাজীব ভবনে নির্বাচিত জেলা পরিষদ সদস্যদের প্রথম বৈঠক অনুষ্ঠিত হবে । জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক প্রনব কুমার বরা , অসম পঞ্চায়েত আইন-১৯৯৪ অনুসারে ঐদিন নব নির্বাচিত সদস্যদের শপথ গ্রহন , সভাপতি , সহ-সভাপতি নির্বাচন পরিচালনা করবেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল সকাল সাড়ে দশটায় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে রাজ্যের প্রথম মূখ্যমন্ত্রী ভারত রত্ন লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর মৃত্যু দিবস লোক কল্যান দিবস হিসেবে পালন করা হবে । উল্লেখ্য রাজ্য সরকারের নির্দেশে প্রতি বছরের মতো এবছরও আগামীকাল , ৫ই আগষ্ট দিনটি লোক কল্যান দিবস হিসেবে পালন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর শহরে আজ প্রবল বৃষ্টির কারনে কৃত্রিম বন্যা পরিস্থিতি দেখা দিয়েছে । আজ সকাল থেকে অবিরাম বৃষ্টির কারনে শহরের সোনাই রোড, শিলংপট্টি , অম্বিকাপট্টি চৌরঙ্গী , বিবেকানন্দ রোড এবং চামড়াগুদাম এলাকার সড়কগুলিতে জল উঠেছে , যার ফলে জন সাধারন ও গাড়ি চলাচলে ব্যাপক অসুবিধার সৃস্টি হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কিশোর কুমার ফ্যান্স ক্লাবের উদ্যোগে আজ শিলচরে কিংবদন্তী সঙ্গীত শিল্পী কিশোর

কুমারের ৯৬তম জন্ম দিন বিভিন্ন কার্য্যসূচীর মাধ্যমে পালিত হয়েছে । সকালে শিলচর আর্বত ভবন রোডে থাকা কিশোর কুমারের প্রতিকৃতিতে শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী , ফ্যান্স ক্লাবের সভাপতি তৈমুর রাজা চৌধুরী , সম্পাদক সুজিত কুমার দাস সহ বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকে শ্রদ্ধা জানানো হয় । এদিকে আজ সন্ধ্যায় শিলচর গুরুচরন বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষাগৃহে শিল্পী কিশোর কুমারের  জন্ম দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমির উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় লোকনাথপুর ইয়ং স্টার ক্লাব ৯-০ গোলের ব্যবধানে বাঘখাল এফ সি দলকে পরাজিত করেছে । বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় মাছখালের ওয়াই সি এফ সি খেলবে কর্কট এফ সি-দলের বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------

শিলচরের বরাক বার্তা বাংলা ও হিন্দী বৈদ্যুতিন সংবাদ মাধ্যমের ২৭তম বর্ষপূর্তি উৎসব গত শনিবার শিলচর গান্ধী ভবনে অনুষ্ঠিত হয়েছে । এ উপলক্ষ্যে ঐদিন সকালে আয়োজিত যোগাসন প্রতিযোগীতায় প্রায় একশ জন প্রতিযোগী অংশ গ্রহন করেন । বর্ষপূর্তি অনুষ্ঠানের দ্বিতীয় দিন বহুভাষী কবি সম্মেলন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------